যুগান্তর

FEB. 0 1 2002

তারিখ ...
পৃষ্ঠা 20 কলাম 6

# শাবিতে ছাত্রদলের দু'গ্রুপে গোলাগুলি

সিলেট ব্যুরো

হল দখলকে কেন্দ্র করে ত্রিধাবিভক্ত ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে গত রাত ৯টায়

শাবি : পৃষ্ঠা : ২ কলাম : ১

## শাবি : গোলাগুলি

(শেষ পৃষ্ঠার পর)

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুলিবিনিময় হয়েছে। এতে তিনজন আহত হয়। ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করায় জরুরিভিত্তিতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

তাৎক্ষণিক খোঁজ নিয়ে জানা গেছে, শাবি'র কামাল-পারভেজ গ্রুপ ও হাবিব-রুবেল গ্রুপের মধ্যে হল দখল নিয়ে প্রথমে কথা কাটাকাটি, তারপর সংঘর্ষে রূপ নেয়। এতে উভয় পক্ষের মধ্যে ১৫/২০ রাউন্ড গুলিবিনিময় হয়। তবে কেউ গুলিবিদ্ধ হয়নি। একই সঙ্গে তাদের সমর্থকরা হলের ভেতর হকিস্টিক ও লাঠিসোঁটা নিয়ে পরস্পরের ওপর ঝাঁপিয়ে পড়ে। দু'গ্রুপের হামলা-পাল্টাহামলায় ছাত্রদল নেতা কামাল, মোঃ মুছা ও কামরুজ্জামান আহত হয়েছেন। এদিকে হল দখলের খবর পেয়ে ছাত্রদলের অপর গ্রুপ শহরে অস্ত্রশস্ত্র নিয়ে প্রস্তুতি নিচ্ছে ক্যাম্পাসে ঢোকার লক্ষ্যে। পুলিশ যাওয়ার পর পরিস্থিতি শান্ত হয়।